# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জুলাই'২০২৪ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ শফিউল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ৩০ জুলাই'২০২৪ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত জুন'২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় জুন'২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান গবাদি পশুকে টিকা প্রদান ১৪০০ মাত্রা ও হাঁস-মুরগী টিকা প্রদান ২৯০০ মাত্রা। ১৪৭৩টি গবাদি পশুকে এবং ৩৮৪০ টি হাঁস-মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়। লাম্পি স্কিন রোগের লক্ষণ হলো প্রথমে জ্বর আসে ও শরীরে গুটি গুটি হয়। লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধে উঠান বৈঠক, সচেতনতা সভা ও ভ্যাকসিনেশন কার্যক্রম চালু হয়েছে। ইউনিয়ন ভিত্তিক প্রতি সপ্তাহে ২টি করে মেডিকেল ক্যাম্প চলমান রয়েছে। নিরাপদ ও সুন্দর পরিবেশে পশু জবাই করার জন্য একটি স্লাটার হাউজ স্থাপন করা জরুরী। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান রোপা আমনের ১৬০ হে. জমিতে বীজতলা করা হয়েছে। খুব দ্রুত সময়ের মধ্যে রোপন কার্যক্রম শুরু হবে। চর প্রকল্পের আওতায় একটি ফার্মারাস ফেসিলিটিস শেড নির্মাণ করা হবে। এ বিষয়ে জমি নির্বাচন করা প্রয়োজন। কৃষি উপকরণ যেমন সার ও বীজের কোন ঘাটতি নাই। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা কৃষি অফিসের সামনে সেমিপাকা ভবনটি পরিত্যক্ত হয়ে পড়েছে। ইহা নিলামে বিক্রি করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক নিলামে বিক্রি করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, | ০১। উপজেলা কৃষি অফিসের সামনে সেমিপাকা পরিত্যক্ত ভবনটি নিলামে বিক্রি করার লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, চর |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল-এর বাসাবাড়ী মেরামত খাত হতে নিম্ন বর্ণিত প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।<br>প্রকল্প ঃ<br>০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস মেরামত ও রংকরণ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রংকরণ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০৩। উপজেলা পরিষদ ভবনের ০৩(তিন) টি কক্ষ মেরামত ও রংকরণ-২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের টেন্ডারকৃত কাজ ২০২৩-২৪ অর্থ বছরে বাস্তবায়িত হয়েছে। উক্ত কাজের বিল পরিশোধ করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের বাস্তবায়িত কাজের চূড়ান্ত বিল প্রদান করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) কাজের দরপত্র বিজ্ঞাপন বিল = ১,৩৮,৮০৫/- (একলক্ষ আটত্রিশ হাজার আটশত পাঁচ) টাকা পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট পত্রিকার সম্পাদক কর্তৃক বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত বিজ্ঞাপন ব্যয় বিল স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদনের লক্ষ্যে পত্র প্রেরণ করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) ২০২৩-২৪ অর্থ বছরের কাজের দরপত্র বিজ্ঞাপন বিল =৪৯,৮৮৬/- (উনপঞ্চাশ হাজার আটশত ছিয়াশি) টাকা পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট পত্রিকার সম্পাদক কর্তৃক বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে উক্ত দরপত্র বিজ্ঞাপন ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত বিজ্ঞাপন ব্যয় বিল স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদনের লক্ষ্যে পত্র প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | হয়।<br>০২। ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল-এর বাসাবাড়ী মেরামত খাত হতে বর্ণিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের টেন্ডারকৃত কাজ ২০২৩-২৪ অর্থ বছরে বাস্তবায়িত কাজের চূড়ান্ত বিল পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন (এডিপি) কাজের দরপত্র বিজ্ঞাপন কাজের বিল = ১,৩৮,৮০৫/- (একলক্ষ আটত্রিশ হাজার আটশত পাঁচ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদনের নিমিত্তে পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) দরপত্র বিজ্ঞাপন কাজের বিল =৪৯,৮৮৬/- (উনপঞ্চাশ হাজার আটশত ছিয়াশি) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদনের নিমিত্তে পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ব্যহত হচ্ছে। তিনি আরও জানান চলতি অর্থ বছরে ১৮টি পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের পানির উৎসের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও ৩২টি ৬নং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে এবং মানবসম্পদ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় টুপিন ল্যাট্রিন প্রতি ইউনিয়নে ২২৫টি করে বরাদ্দ রয়েছে। সঠিকভাবে তালিকা প্রনয়ন করে কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প অফিস থেকে তাগিদ প্রদান করেছেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |

চলমান পাতা-৩



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, অত্র হাসপাতালে ক্লিনার, সুইপার ও ওয়ার্ডবয় এর যথেষ্ট সংকট থাকায় চিকিৎসাসহ অন্যান্য সেবা প্রদান অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। তিনি আরও জানান ডাক্তারসহ অন্যান্য জনবল কম। ৩ জন ডাঃ কর্মরত রয়েছে। অত্র উপজেলাধীন কোদালকাটি ও মোহনগঞ্জ ইউনিয়নে উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য জমি প্রয়োজন। জমি বরাদ্দ পাওয়া গেলে রেডক্রিসেন্ট কর্তৃক মোহনগঞ্জ ইউনিয়নে উপস্বাস্থ্য কেন্দ্র হিসেবে টিনসেট ঘর করে দেয়ার প্রস্তাব করেছেন। জমি নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সোনালী ব্যাংক, রাজিবপুর শাখায় জরুরী অনুদান সংক্রান্ত হিসাব খোলা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | উপজেলা সমাজসেবা অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সাম্প্রতিক বন্যায় কোন প্রাথমিক বিদ্যালয় নদী গর্ভে বিলীন ও ভাঙ্গনের স্বীকার হয় নাই। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরে ৮টি ব্যাচ প্রশিক্ষণ চালানো হবে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য ৭জন যুবক-কে কুড়িগ্রাম পাঠানো হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সমবায় দপ্তরে অফিসারসহ ০২(দুই) জন কর্মী কর্মরত আছেন। উপজেলা পরিষদের একটি কক্ষে অফিসের কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। উপজেলা সমবায় অফিসের জন্য আরও একটি কক্ষ বরাদ্দ ও এটাচ্ট ওয়াশরুম নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় নিয়মিতভাবে ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৪



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কারিকুলামের সিলেবাস অনুযায়ী যানমাসিক পরীক্ষা চলমান। সাম্প্রতিক বন্যা পরিস্থিতির কারণে অনেক শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে এবং শ্রেণী কক্ষের ও আসবাবপত্রের ক্ষয়ক্ষতি সম্পর্কে তথ্য ইতিমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ছাদসহ অফিস কক্ষ মেরামত ও রংকরণ করা জরুরী প্রয়োজন। অফিসের ফার্নিচারসমূহও একেবারে ব্যবহার অনুপযোগি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে জুলাই'২০২৪ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুলাই'২০২৪ খ্রিঃ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) জুলাই'২০২৪ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>(খ) জুলাই'২০২৪ খ্রিঃ মাসের উপজেলা স্থায়ী কমিটির আপ্যায়ন ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস আপ্যায়ন বাবদ ব্যয় =৮,০০০/- (আট হাজার) টাকা।<br>০৩। জুলাই'২০২৪ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। জুলাই'২০২৪ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। জুলাই'২০২৪ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×২৭ দিন) =১৪,৮৫০/- (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা।<br>০৬। জুলাই'২০২৪ খ্রিঃ মাসের ০১(এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×২৭ দিন) =১৪,৮৫০/- (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা।<br>০৭। জুলাই'২০২৪ খ্রিঃ মাসে উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৮। উপজেলা পরিষদ চত্তরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর জুলাই'২০২৪ খ্রিঃ মাসের বেতন (২৫০×৩১ দিন) =৭,৭৫০/- (সাত হাজার সাতশত পঞ্চাশ) টাকা।<br>০৯। ২০২৪-২৫ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি ক্রয় বাবদ ব্যয় বাবদ =১,০০,০০০/- (একলক্ষ) টাকা। | ০১। ২০২৪-২৫ অর্থ বছরে জুলাই'২০২৪ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১০। ২০২৪-২৫ অর্থ বছরে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় বাবদ ব্যয় বাবদ =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১১। জুলাই'২০২৪ খ্রিঃ মাসে উপজেলা পরিষদের দৈনিক পত্রিকা ক্রয়/সরবরাহের বিল =১,৭৫৬/- (এক হাজার সাতশত ছাপ্পান্ন) টাকা।<br>১২। ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত ব্যয় বাবদ =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অভ্যন্তরীন বোরো ধান সংগ্রহ/২০২৪ চলমান রয়েছে। আগামী ০৭/০৮/২০২৪ তারিখের মধ্যে খাদ্য বান্ধব কর্মসূচির মৃত ভোক্তার তথ্য আপলোড করতে হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সাম্প্রতিক বন্যা ও বৃষ্টির কারণে বিভিন্ন কাঁচা, পাকা রাস্তার ভেঙ্গে গেছে এবং জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। পাহাড়ী ঢলের পানিতে বালিয়ামারীতে নদী ভাঙ্গনের সৃষ্টি হয়। ফলে বালিয়ামারী হাট-বাজার, বালিয়ামারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও আদর্শগ্রাম নদীগর্ভে বিলিন হওয়ার সম্ভাবনা রয়েছে। নদী ভাঙ্গন রক্ষার্থে জিওব্যাগ ফেলানো প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সাম্প্রতিক বন্যায় কোদালকাটি ইউনিয়নের রাস্তার ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। জরুরী মেরামত করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় উপস্থিত না থাকায় মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৬



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র পদ শুন্য রয়েছে। অতিরিক্ত দায়িত্ব কর্মকর্তা নিয়মিত সভায় উপস্থিত থাকে না। অত্র উপজেলায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | চর রাজিবপুর উপজেলায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান দীর্ঘদিন যাবৎ কম্পিউটার অপারেটর ও ক্যাশিয়ার না থাকায় ব্যাংকিং কার্যক্রম পচিালনা করা কষ্টসাধ্য হয়ে দাড়িয়েছে। অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী না থাকায় অফিসের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার একটি বাড়ি একটি খামার প্রকল্পের সৃষ্টি পরবর্তীতে যার নাম " আমার বাড়ি আমার খামার প্রকল্প" এটিকে স্থায়ী রুপদান করেন পল্লী সঞ্চয় ব্যাংক। যার উদ্দেশ্য ছিল সাধারণ জনগণকে নিয়ে সঞ্চয় জমার মাধ্যমে উদ্বুদ্ধ করা এবং পরবর্তীতে ঋণ কার্যকমের মাধ্যমে সাবলম্বী করা। কিন্তু অনেক ঋণ খেলাপী রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোট সমিতি ৬৫ টি, সদস্য সংখ্যা ২৪৩৪ জন। ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম চলমান । | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য আপা: সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। সভায় উপস্থিত আওয়ামী যুবলীগের সভাপতি জনাব আজিবর রহমান মাস্টার জানান যে, রাজিবপুর বিদ্যুৎ ব্যবস্থা খুবই খারাপ অবস্থা। নিয়মিত বিদ্যুৎ থাকে না। অত্র উপজেলায় যত মেগাওয়াট বিদ্যুৎ বরাদ্দ সে মোতাবেক বিদ্যুৎ থাকে না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থিত এমপি মহোদয়কে অনুরোধ করেন। রাজিবপুরের জন্য অতিরিক্ত ০৩ (তিন) মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের জন্য এমপি মহোদয়কে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। রাজিবপুরের জন্য অতিরিক্ত ০৩ (তিন) মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>২। ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা, চর রাজিবপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |

চলমান পাতা-৭



Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৮) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান দুর্যোগ মোকাবেলায় সিনেমাহলসহ ঝুকিপূর্ণ ভবন চিহ্নিত করা প্রয়োজন। | দুর্যোগ মোকাবেলায় সর্বত্র প্রস্তুত থাকতে হবে। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |
| ১৮(১৯) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ জানান। প্রাণিসম্পদ দপ্তরে নিয়মিত চিকিৎসা ও ঔষধ সরবরাহ করতে অনুরোধ করেন। | স্বচ্ছতা এবং জবাবদিহিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, চর রাজিবপুর |
| ১৮(২০) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | স্বচ্ছতা এবং জবাবদিহিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

১৮(২১) উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় আরও জানান যে, ইউনিয়ন পরিষদের কর্মচারীগণের বেতন-ভাতার ইউপি অংশ স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হতে সঙ্কুলান হচ্ছে না। স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হতে সঙ্কুলান না হলে, হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% হতে প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ২৩/১১/২০২০ তারিখের ৪৬.০১৭.০১৮.০০.০০.০০৯.২০১১-৫২৯ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ক্রমিক নং-৪ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম-এর স্থানীয় সরকার শাখার ১৮/০৭/২০২৪ তারিখের ৩৩৯ নং স্মারক পত্র মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে চর রাজিবপুর উপজেলাধীন ইউনিয়ন পরিষদে কর্মরত হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর এর ইউপি অংশের বেতন-ভাতা বাবদ চাহিদা =২,১০,৮৮২/- (দুইলক্ষ দশ হাজার আটশত বিরাশি) টাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম-এর স্থানীয় সরকার শাখার ১৮/০৭/২০২৪ তারিখের ৩৪০ নং স্মারক পত্র মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে চর রাজিবপুর উপজেলাধীন ইউনিয়ন পরিষদে কর্মরত ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তার বেতন-ভাতা বাবদ চাহিদা =৪,৯২,৯৩২/- (চারলক্ষ বিরানব্বই হাজার নয়শত বত্রিশ) টাকা।

এছাড়াও চর রাজিবপুর উপজেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত ২২ জন গ্রাম পুলিশদের অক্টোবর/২০২৩ হতে জুলাই/২০২৪ পর্যন্ত বকেয়া বেতন-ভাতা মোট =৬,২৫,০০০/- ও যাতায়াত/থানা হাজিরা বাবদ টাকা পাওনা রয়েছে।

এমতাবস্থায়, চর রাজিবপুর উপজেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত কর্মচারীদের (হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা ও ২২ জন গ্রাম পুলিশ) এর বকেয়া বেতন-ভাতা যথাক্রমে (২,১০,৮৮২+৪,৯২,৯৩২+৬,২৫,০০০) সর্বমোট = =১২,৮৬,৮১৪/- (বারলক্ষ ছিয়াশি হাজার আটশত চৌদ্দ) টাকা পাওনা রয়েছে। এছাড়াও যাতায়াত ভাতা/থানা হাজিরা বকেয়া ভাতা পাওনা সাপেক্ষে প্রদান করা প্রয়োজন মর্মে হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% হতে ইউপি অংশের বকেয়া বেতন-ভাতা প্রদানের জন্য অতিরিক্ত ব্যয়ের বিশেষ প্রয়োজন হেতু অত্র প্রস্তাব প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন পরিষদের কর্মচারীদের (ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর ও গ্রাম পুলিশ) বেতন-ভাতা প্রদানের জন্য অতিরিক্ত ব্যয়ের বিশেষ প্রয়োজন হেতু অত্র প্রস্তাব প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** চর রাজিবপুর উপজেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত (হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা ও ২২ জন গ্রাম পুলিশ) এর বেতন-ভাতা হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% হতে ইউপি অংশের বকেয়া বেতন-ভাতা সর্বমোট =১২,৮৬,৮১৪/- (বারলক্ষ ছিয়াশি হাজার আটশত চৌদ্দ) টাকা এবং গ্রাম পুলিশদের যাতায়াত ভাতা/থানা হাজিরা পরিশোধের জন্য অতিরিক্ত ব্যয়ের বিশেষ প্রয়োজন হেতু অত্র প্রস্তাব প্রশাসনিক অনুমোদনের নিমিত্তে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮(২২) উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা নির্বাহী অফিসারের সার্বক্ষণিক শারিরীক নিরাপত্তায় নিয়োজিত অঙ্গীভূত আনসারদের চেকপোষ্ট/গার্ডরুম নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে চেকপোষ্ট/গার্ডরুম নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলী দপ্তর হতে =২,০০,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করে দাখিল করেছেন। এমতাবস্থায়, চর রাজিবপুর উপজেলায় অঙ্গীভূত আনসারদের চেকপোষ্ট/গার্ডরুম =২,০০,০০০/- টাকা ব্যয় করে নির্মাণের লক্ষ্যে বিশেষ প্রয়োজন হেতু প্রস্তাব প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন পরিষদের কর্মচারীদের (ইউপি সচিব, হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর ও গ্রাম পুলিশ) বেতন-ভাতা প্রদানের জন্য অতিরিক্ত ব্যয়ের বিশেষ প্রয়োজন হেতু প্রস্তাব প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** চর রাজিবপুর উপজেলায় অঙ্গীভূত আনসারদের চেকপোষ্ট/গার্ডরুম =২,০০,০০০/- টাকা ব্যয় করে নির্মাণের লক্ষ্যে বিশেষ প্রয়োজন হেতু প্রস্তাব প্রশাসনিক অনুমোদনের নিমিত্তে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৮



Scanned with CamScanner

উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে সকলকে কাজ করতে হবে। তিনি আরও জানান সকলের সার্বিক সহযোগিতায় উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন সম্ভব হবে। সকলকে স্ব-স্ব অবস্থানে থেকে সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করার পরামর্শ প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০|০৭|২০২৪
(মোঃ শফিউল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৬২৬

তারিখ ঃ ১৫ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। .................................................................................................. কুড়িগ্রাম।
৯। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
১১। অফিস কপি।

৩০.০৭.২৪
(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd



Scanned with CamScanner